গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাঠালিয়া, ঝালকাঠি
www.kathalia.jhalakathi.gov.bd

স্মারক নং-০৫.১০.৪২৪৩.০০৪.২৪.০০৪.২৪. ১১৪ তারিখঃ ২৪ মাঘ ১৪৩০ / ০৭ ফেব্রুয়ারি ২০২৪

# ঃ হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তিঃ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাঠালিয়া উপজেলার আওতাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ ১৪৩১ বঙ্গাব্দের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত একসনা ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত আগ্রহী ইজারাগ্রহীতাদের নিকট হতে সিলমোহরকৃত খামে নিম্নোক্ত শর্তসাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে ঃ

দরপত্র সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) নিম্নলিখিত তারিখ ও সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়; সহকারী কমিশনার (ভূমি), কাঠালিয়া এর কার্যালয়; সোনালী ব্যাংক, কাঠালিয়া শাখা; কাঠালিয়া থানা (পুলিশ স্টেশন) এবং জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি থেকে সংগ্রহ করা যাবে। দরপত্রসমূহ নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এর রক্ষিত টেন্ডার বাক্সে জমা দেয়া যাবে।

১ম পর্যায়ে যে সকল হাট-বাজারের ইজারা কার্যক্রম সম্পন্ন হবে না কেবলমাত্র সেসব হাট-বাজারের ক্ষেত্রে ২য় পর্যায়ে দরপত্র বিক্রয় ও গ্রহণ করা হবে। অনুরূপভাবে ২য় পর্যায়েও যে সকল হাট-বাজারের ইজারা কার্যক্রম সম্পন্ন হবে না কেবলমাত্র সেসকল হাট-বাজারের ক্ষেত্রে ৩য় পর্যায়ে দরপত্র বিক্রয় ও গ্রহণ করা হবে। একইভাবে ৩য় পর্যায়েও যে সকল হাট-বাজারের ইজারা কার্যক্রম সম্পন্ন হবে না কেবলমাত্র সেসব হাট-বাজারের ক্ষেত্রে ৪র্থ পর্যায়ে দরপত্র বিক্রয় ও গ্রহণ করা হবে।

ইজারা কার্যক্রমের সময়সূচি:

| পর্যায় | সিডিউল বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র গ্রহণের তারিখ | দরপত্র গ্রহণের সময় | | দরপত্র খোলার সময় |
|---|---|---|---|---|---|
| | | | হতে | পর্যন্ত | |
| ১ম | ২২.০২.২০২৪ | ২৫.০২.২০২৪ | সকাল ১০:০০ টা | দুপুর ১:০০ টা | বিকাল ৩:০০ টা |
| ২য় | ০৭.০৩.২০২৪ | ১০.০৩.২০২৪ | সকাল ১০:০০ টা | দুপুর ১:০০ টা | বিকাল ৩:০০ টা |
| ৩য় | ২১.০৩.২০২৪ | ২৪.০৩.২০২৪ | সকাল ১০:০০ টা | দুপুর ১:০০ টা | বিকাল ৩:০০ টা |
| ৪র্থ | ২৮.০৩.২০২৪ | ৩১.০৩.২০২৪ | সকাল ১০:০০ টা | দুপুর ১:০০ টা | বিকাল ৩:০০ টা |

হাট-বাজারের নাম, নির্ধারিত সরকারি ইজারা মূল্য ও সিডিউল মূল্য:

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | ইউনিয়ন | বাংলা ১৪৩১ সনে সরকারি ইজারা মূল্য | সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | কৈখালী হাট | চেঁচরিরামপুর | ৯,৬৩,৯৯১/- | ২,৬০০.০০ | |
| ০২ | বানাই হাট | ঐ | ১,০৭,৪৩৩/- | ১০০০.০০ | |
| ০৩ | মরিচবুনিয়া হাট | পাটিখালঘাটা | ৬,০৮,৭২৩/- | ২,০০০.০০ | |
| ০৪ | তারাবুনিয়া হাট | ঐ | ১০,৪৩৬/- | ৫০০.০০ | |
| ০৫ | আমুয়া হাট | আমুয়া | ১৬,৬২,৪৩৪/- | ৪,০০০.০০ | |
| ০৬ | আমুয়া নদীর চরের মৎস্য বাজার | ঐ | ৮,৭৬,৯৭৪/- | ২,৪০০.০০ | |
| ০৭ | ঘোষের হাট | ঐ | ১৭,০৪৬/- | ৫০০.০০ | |
| ০৮ | কাঠালিয়া বাজার | কাঠালিয়া | ২,২৮,২৫৪/- | ১,২০০.০০ | |
| ০৯ | আউরা হাট | ঐ | ১,৫৯০/- | ৫০০.০০ | |
| ১০ | বীনাপানি হাট | শৌলজালিয়া | ৩,৬০,৩৮৭/- | ১,৪০০.০০ | |
| ১১ | দোগনা হাট | ঐ | ৩৯,৯৯৮/- | ৫০০.০০ | |
| ১২ | কচুয়া হাট | ঐ | ৭৯,৩৯৪/- | ৫০০.০০ | |
| ১৩ | সেন্টারের হাট | ঐ | ১,০৯,৪৮৫/- | ৭০০.০০ | |
| ১৪ | আওরাবুনিয়া হাট (নৌকা হাটসহ) | আওরাবুনিয়া | ৮৩,৩৮৭/- | ৫০০.০০ | |

শর্তাবলীঃ

০১। বাংলা ১৪৩১ সনের ১ বৈশাখ হতে ১৪৩১ সনের ৩০ চৈত্র ১ (এক) বছর মেয়াদ কালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কাঠালিয়া এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর শেষে অব্যবহিত টাকা জমাকারীর বরাবর প্রত্যর্পণ করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর (আয়কর কোড নং-১-১১৪১-০০০০-০১১১ চালানের মাধ্যমে) এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) (ভ্যাট কোড নং-১-১১৩৩-০০০০-০৩১১ চালানের মাধ্যমে) অবশ্যই একই সাথে জমা দিতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেকক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহনের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও হাট/বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সিলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবে না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত টাকা মাত্র) নন জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং ইতোমধ্যে অতিবাহিত সময় প্রযোজ্য হারে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকি অর্থ ইজারাদারকে প্রদান করা হবে। তবে জামানত বাজেয়াপ্ত হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবি আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত আংশিক বা সম্পূর্ণ লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যাতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

৭/২/২৪


মোঃ নেছার উদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার
কাঠালিয়া, ঝালকাঠি
ফোন: ০৪৯৮-৫৬০০১, ফ্যাক্স:০৪৫৯৬-৫৬০৬৯
ইমেইল: unokathalia@mopa.gov.bd


স্মারক নং-০৫.১০.৪২৪৩.০০৪.২৪.০০৪.২৪. ১৭৪

তারিখঃ ২৪ মাঘ ১৪৩০
০৭ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

০১। জেলা প্রশাসক, ঝালকাঠি।

০২। পুলিশ সুপার, ঝালকাঠি।

০৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ঝালকাঠি।

০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাঠালিয়া, ঝালকাঠি।

০৫। সহকারী কমিশনার (ভূমি), কাঠালিয়া, ঝালকাঠি।

০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাঠালিয়া, ঝালকাঠি।

০৭। অফিসার ইনচার্জ, কাঠালিয়া থানা, ঝালকাঠি।

০৮। চেয়ারম্যান, চেচঁরীরামপুর/পাটিখালঘাটা/আমুয়া/কাঠালিয়া/শৌলজালিয়া/আওরাবুনিয়া ইউনিয়ন পরিষদ, কাঠালিয়া, ঝালকাঠি। তাঁকে স্থানীয় হাট-বাজারে ঢোল সহরাতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রকাশের অনুরোধ করা হলো।

০৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,চেচঁরীরামপুর/পাটিখালঘাটা/আমুয়া/কাঠালিয়া/শৌলজালিয়া/আওরাবুনিয়া ইউনিয়ন পরিষদ, কাঠালিয়া। তাঁকে স্থানীয় হাট-বাজারে ঢোল সহরাতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রকাশের অনুরোধ করা হলো।

১০। সম্পাদক/বিজ্ঞাপন ব্যবস্থাপক, দৈনিক শতকণ্ঠ, কোর্ট রোড, ধানসিড়ি পুলিশ মার্কেট, ঝালকাঠি। (উপরোক্ত বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় ছুটির দিন ব্যতীত আগামী ১১.০২.২০২৪ তারিখের মধ্যে (১৫x৫ কলাম সাইজে) ১৩ ফন্টে সিঙ্গেল স্পেসে একবার মাত্র প্রকাশনার ব্যবস্থা করত: প্রকাশিত বিজ্ঞপ্তি সম্বলিত পত্রিকার ০২(দুই) কপি পত্রিকা এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

১১। পোস্ট মাষ্টার, কাঠালিয়া, ঝালকাঠি।

১২। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, কাঠালিয়া, ঝালকাঠি।

১৩। জনাব ------------------------------------------, ইজারাদার, ------------------------------- হাট/ বাজার, বাংলা ১৪৩০ সন।

১৪। নোটিশ বোর্ড, উপজেলা পরিষদ/------------------------------------------ অফিস, কাঠালিয়া, ঝালকাঠি।

৭/২/২৪

উপজেলা নির্বাহী অফিসার
কাঠালিয়া, ঝালকাঠি